**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ এর কার্যালয়
পরিকল্পনা ও রক্ষণাবেক্ষণ উইং
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
☎ ঃ ০২-৮৮৭৯৩১৭

স্মারক নং ২০৮ পঃ রঃ তারিখঃ ২৫/০৯/২২

২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি **(APA)** এর লক্ষ্যমাত্রা বাস্তবায়ন অগ্রগতি এবং ২০২১-২০২২ অর্থবছরের চূড়ান্ত মূল্যায়ন পর্যালোচনা সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | সৈয়দ মঈনুল হাসান<br>অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ<br>পরিকল্পনা ও রক্ষণাবেক্ষণ উইং |
| তারিখ | : | ২২ সেপ্টেম্বর ২০২২, রবিবার |
| সময় | : | সকাল ০৮:৩০ ঘটিকায় |
| স্থান | : | অতিরিক্ত প্রধান প্রকৌশলী<br>সড়ক ও জনপথ অধিদপ্তর এর সম্মেলন কক্ষে। |

গত ২২/০৯/২০২২ তারিখে রোজ বৃহস্পতিবার সকাল ০৮:৩০ ঘটিকায় অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ এর সম্মেলন কক্ষে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (APA) কেন্দ্রীয় সমন্বয়ক টীম ও এপিএ এর সঙ্গে সম্পর্কিত এনআইএস, উদ্ভাবন, সেবা প্রদান প্রতিশ্রুতি, তথ্য অধিকার ও অভিযোগ প্রতিকার সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তাগনের সাথে এপিএ এর লক্ষ্যমাত্রা বাস্তবায়ন অগ্রগতি এবং ২০২১-২০২২ অর্থবছরের চূড়ান্ত মূল্যায়ন পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল কর্মকর্তাদের স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে অতিরিক্ত প্রধান প্রকৌশলী মহোদয় "২০২২-২০২৩ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) এর লক্ষ্যমাত্রা বাস্তবায়ন অগ্রগতি এবং ২০২১-২০২২ অর্থবছরের চূড়ান্ত মূল্যায়ন পর্যালোচনা" নিমিত্তে আয়োজিত এই সভার উপর গুরুত্বারোপ করেন। বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (APA) আওতায় কর্মসম্পাদন সূচকসমূহ বাস্তবায়নের সুনির্দিষ্ট কর্মকৌশল গ্রহন করা হলে কাঙ্খিত লক্ষ্যমাত্রা অর্জন সম্ভব বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। অতঃপর সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে ফোকাল পয়েন্ট সভার আলোচ্যসূচী ক্রমান্বয়ে উপস্থাপন করেন।

প্রথমেই ফোকাল পয়েন্ট ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) এর লক্ষ্যমাত্রা বাস্তবায়ন অগ্রগতি এবং ২০২১-২০২২ অর্থবছরের চূড়ান্ত মূল্যায়ন নিয়ে তথ্যাদি উপস্থাপন করেন। তৎপ্রেক্ষিতে ২০২১-২০২২ অর্থবছরের এপিএতে অন্তর্ভুক্ত এনআইএস, উদ্ভাবন, সেবা প্রদান প্রতিশ্রুতি, তথ্য অধিকার ও অভিযোগ প্রতিকার সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তাগনের সাথে বিস্তারিত আলোচনা করেন। সভায় বিষয়গুলো নিয়ে উপস্থিত সদস্যগণের মধ্যে বিস্তারিত আলোচনা শেষে সর্বসন্মতিক্রমে নিম্নে উল্লিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

সড়ক ও জনপথ অধিদপ্তর এর কৌশলগত অংশে বিভিন্ন সূচকে মোট ৭০ নম্বরের মধ্যে ৬৯.৫০ নম্বর পাওয়া যায় মর্মে আলোচনা হয়। সড়ক ও জনপথ অধিদপ্তর এর এপিএ টীমের ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান যে, একটি সূচকে আংশিক নম্বর পাওয়া যায়, যা নিম্নরূপ -

| ক্রমিক নং | কর্মসম্পাদন ক্ষেত্র | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | ব্যাখ্যা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | [৪] উন্নয়ন প্রকল্প বাস্তবায়নে বেসরকারী খাতের অংশগ্রহণ বৃদ্ধি ও দ্রুতগতিসম্পন্ন গণপরিবহন ব্যবস্থা প্রবর্তন ও সম্প্রসারণ | [৪.৪] পিপিপি'র ভিত্তিতে গাবতলী-নবীনগর মহাসড়ক এক্সপ্রেসওয়েতে উন্নীতকরণ। | [৪.৪.১] বিনিয়োগকারী নিয়োগের লক্ষ্যে দরপত্র আহবান। | এই সূচকের কার্যক্রম মন্ত্রণালয়ে, পিপিপি সেল ও সরকারী ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা মূল্যায়নের কমিটির সিদ্ধান্তের উপর নির্ভরশীল বিধায়, সওজ অংশের সম্পন্নকৃত কাজের বিপরীতে ০.৫০ নম্বর প্রদান করা হয়। |

২০২১-২০২২ অর্থবৎসরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নে বিভিন্ন সূচকে মন্ত্রণালয়ের মূল্যায়নে অত্যাধিক কম নম্বর পাওয়া গেছে মর্মে সভায় আলোচনা হয়। তৎপ্রেক্ষিতে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা এর ফোকাল পয়েন্ট কর্মকর্তা উক্ত বিষয়ে বিস্তারিত তথ্য উপস্থাপন করেন, যা নিম্নরূপ-

অঃপৃঃদ্রঃ

| ক্রমিক নং | কর্মসম্পাদন ক্ষেত্র | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | ব্যাখ্যা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | [১] ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন সংক্রান্ত কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | [১.১] উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন | [১.১.১] একটি নতুন উদ্ভাবনী ধারণা বাস্তবায়িত | RHD at a glance নামে একটি সফটওয়্যার উদ্ভাবনী উদ্দ্যোগ হিসেবে বাস্তবায়ন করা হয়েছে। সফটওয়্যারটি সওজ ওয়েবসাইটে উন্মুক্ত করা হয়েছে। সওজ এর অবসর প্রাপ্ত প্রকৌশলীগণদের সওজ ওয়েবসাইটের বিভিন্ন তথ্য এক ক্লিকে প্রাপ্তির সুবিধার্থে এটি বাস্তবায়ন করা হয়েছে। |
| | | [১.৪] ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা সংক্রান্ত পর্যালোচনা সভা | [১.৪.১] সভা আয়োজিত | ২৩-০৮-২০২১ইং তারিখে সকল সড়ক বিভাগ নিয়ে জুম প্লাট ফর্ম এর মাধ্যমে সভা অনুষ্ঠিত হয় (হাজিরা এবং নোটিশ সংযুক্ত)। |
| | | [১.৫] ই-নথির ব্যবহার বৃদ্ধি | [১.৪.১] ই-ফাইলে নোট নিস্পত্তিকৃত | সড়ক ও জনপথ প্রধান কার্যালয়ে ই-নথিতে মোট ৩৬৬৭টি ফাইল নিস্পত্তি হয়েছে এবং জুন ২০২২ পর্যন্ত ১১৭৭টি হার্ড ফাইল নিস্পত্তি হয়েছে (ই-নথি এবং হার্ড ফাইল রেজিষ্টার সংযুক্ত)। |
| ২ | [২] প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি | [২.২] ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [২.২.২]ই-গভর্ন্যান্স কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থ ব্যয়িত | ইনোভেশন কোড এ কোন বরাদ্দ পাওয়া যায় নাই। সফটওয়্যার, কনসালটেন্সি, হার্ডওয়্যার কোডে যে বরাদ্দ পাওয়া গেছে সেই বরাদ্দ ৯০% খরচ করা হয়েছে (ফান্ড এর পত্র এবং বরাদ্দ সংযুক্ত)। |
| | | | [২.২.৫] দেশে/ বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্যোগ পরিদর্শনকৃত | ৩১-০৮-২০২১ ইং তারিখ কিশোরগঞ্জ সড়ক বিভাগে "সড়ক ও সেতু মনিটরিং এ্যাপস" উদ্যোগটি পরিদর্শন করা হয়েছে (হাজিরা এবং নোটিশ সংযুক্ত)। |

২০২১-২০২২ অর্থবৎসরের অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্মপরিকল্পনা বাস্তবায়নে দু'টি সূচকে মন্ত্রণালয়ের মূল্যায়নে অত্যাধিক কম নম্বর পাওয়া গেছে মর্মে সভায় আলোচনা হয়। তৎপ্রেক্ষিতে অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্মপরিকল্পনা এর ফোকাল পয়েন্ট কর্মকর্তা উক্ত বিষয়ে বিস্তারিত তথ্য উপস্থাপন করেন, যা নিম্নরূপ-

| ক্রমিক নং | কর্মসম্পাদন ক্ষেত্র | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | ব্যাখ্যা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | প্রাতিষ্ঠানিক ব্যবস্থাপনা | [১.১] অভিযোগ নিস্পত্তি কর্মকর্তা (অনিক) ও আপিল কর্মকর্তার তথ্য ওয়েবসাইটে ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদকরণ | [১.১.১] অনিক ও আপিল কর্মকর্তার তথ্য হালনাগাদকৃত এবং ওয়েবসাইটে আপলোডকৃত | বর্নিত কার্যক্রমের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২১-২২ অর্থবছরে প্রতি প্রান্তিকে ০১ বার করে মোট ০৪ বার অনিক ও আপিল কর্মকর্তার তথ্য সওজ ওয়েবসাইটে হালনাগাদ করা হয়েছে এবং হালনাগাদকরণের Screen Shot প্রমাণক হিসেবে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগে প্রেরণ করা হয়েছে।<br>সেই হিসাবে, ০৪ বার অনিক ও আপিল কর্মকর্তার তথ্য সওজ ওয়েবসাইটে হালনাগাদকরণ এবং প্রমাণক সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগে প্রেরণ করা হলেই পূর্ণ নম্বর প্রাপ্য। |
| ২ | পরিবীক্ষণ ও সক্ষমতা উন্নয়ন | [২.১] নির্দিষ্ট সময়ে অনলাইন/ অফলাইনে প্রাপ্ত অভিযোগ নিস্পত্তি এবং নিস্পত্তি সংক্রান্ত মাসিক প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ | [২.১.১] অভিযোগ নিস্পত্তিকৃত | বর্নিত কার্যক্রমের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২১-২২ অর্থবছরে জুলাই,২০২১ হতে জুন, ২০২২ পর্যন্ত মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক পরিচালিত "www.grs.gov.bd" এ প্রাপ্ত অভিযোগের সংখ্যা ১৭৮ টি, এরমধ্যে ১৭৬ টি অভিযোগ, অভিযোগ প্রাপ্তির পর নির্ধারিত ৩০ দিনের মধ্যে নিস্পন্ন করা হয়েছে। ০২ টি অভিযোগ নির্ধারিত সময়সীমা অতিক্রান্ত হওয়ার পর নিস্পন্ন করা হয়েছে। সেই হিসাবে, নির্দিষ্ট সময়ে অনলাইন/ অফলাইনে প্রাপ্ত অভিযোগ নিস্পত্তির হার ৯৮.৮৮%। নিস্পত্তির হার ৯০% হলেই পূর্ণ নম্বর প্রাপ্য।<br>অভিযোগ নিস্পত্তি সংক্রান্ত মাসিক প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষ (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) বরাবর নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণ করা হয়েছে। |

অঃপৃঃদ্রঃ

২০২১-২০২২ অর্থবৎসরের তথ্য অধিকার বিষয় কর্মপরিকল্পনা বাস্তবায়নে একটি সূচকে মন্ত্রণালয়ের মূল্যায়নে অত্যাধিক কম নম্বর পাওয়া গেছে মর্মে সভায় আলোচনা হয়। তৎপ্রেক্ষিতে তথ্য অধিকার বিষয় কর্মপরিকল্পনা এর ফোকাল পয়েন্ট কর্মকর্তা উক্ত বিষয়ে বিস্তারিত তথ্য উপস্থাপন করেন, যা নিম্নরূপ-

| ক্রমিক নং | কর্মসম্পাদন ক্ষেত্র | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | ব্যাখ্যা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | সক্ষমতাবৃদ্ধি | [১.৪] তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৫ ধারা অনুসারে যাবতীয় তথ্যের ক্যাটাগরি ও ক্যাটালগ তৈরি/হালনাগাদকরণ | [১.৪.১] তথ্যের ক্যাটগরি ও ক্যাটালগ প্রস্তুতকৃত/হালনাগাদকৃত | মন্ত্রণালয়ের ফোকাল পয়েন্ট কর্মকর্তার সাথে আলোচনা করে তথ্যের জন্য সকল বিভাগে মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত Sample কপি স্মারক নং-৩৫.০১.০০০০.১৬০. ১৬.২১.১৫৭(৭); তারিখ-২৬/১২/২০২১ইং মারফত প্রেরণ করা হয়। উক্ত নির্দেশনার আলোকে "তথ্যের ক্যাটাগরি এনং ইনডেক্স (কার্যক্রম নং-১.৪) প্রস্তুত" সম্পন্ন করে মাঠ পর্যায় হতে উক্ত বাস্তবায়নকৃত "ক্যাটাগরি এবং ইনডেক্স (কার্যক্রম নং-১.৪)" এর তথ্যাদি প্রেরণ করেন যাহা প্রমানক হিসাবে RTI সংক্রান্ত Meeting এ Focal Point কর্মকর্তার মতামত সহ বার্ষিক প্রতিবেদনে উপস্থাপন করা হয়। এ বিষয়ে RTI মূল্যায়নে উক্ত মাঠ পর্যায়ে বাস্তবায়িত প্রমানকসমূহ বিবেচনায় নেয়ার জন্য সবিনয় অনুরোধ করেছেন। |

অতিরিক্ত প্রধান প্রকৌশলী ও সওজ এপিএ টীম লিডার সভায় বলেন যে, ২০২১-২০২২ অর্থ বৎসরের এপিএতে যে সকল সূচকে অর্জন সম্ভব হয়নি, সে সকল সূচকে চলতি ২০২২-২০২৩ অর্থ বৎসরের এপিএতে লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জনের বিষয়ে আন্তরিকভাবে সবাইকে কাজ করতে হবে।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

২৫/০৯/২২

(সৈয়দ মঈনুল হাসান)
পরিচিতি নং-০০১০৪৮
অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ
পরিকল্পনা ও রক্ষণাবেক্ষণ উইং
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
ও
টীম লিডার,
সওজ, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA)।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)-

১. প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
২. অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, ম্যানেজমেন্ট সার্ভিসেস উইং, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
৩. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ, এম.আই.এস এন্ড এস্টেটস সার্কেল, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
৪. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ, প্রশাসন ও সংস্থাপন সার্কেল, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
৫. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ, রক্ষণাবেক্ষণ সার্কেল, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
৬. সিনিয়র সিস্টেম এনালিষ্ট, ম্যানেজমেন্ট ইনফরমেশন সেল, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
৭. নির্বাহী প্রকৌশলী, সওজ, পিরিয়ডিক মেইনটেন্যান্স বিভাগ-২, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
৮. নির্বাহী প্রকৌশলী, সওজ, রুটিন মেইনটেন্যান্স বিভাগ, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
৯. নির্বাহী প্রকৌশলী, সওজ. তদন্ত বিভাগ, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
১০. নির্বাহী প্রকৌশলী, সওজ, প্লানিং বিভাগ-২, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
১১. নির্বাহী প্রকৌশলী, সওজ, সরঞ্জাম নিয়ন্ত্রণ বিভাগ, তেজগাঁও, ঢাকা।
১২. নির্বাহী প্রকৌশলী, সওজ, প্রশাসন ও সংস্থাপন বিভাগ, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
১৩. নির্বাহী প্রকৌশলী, সওজ, মনিটরিং বিভাগ, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।